# চুক্তি হলে হরমুজ প্রণালীতে যুক্তরাষ্ট্র–ইরানের যৌথ নিয়ন্ত্রণ সম্ভব: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে সম্ভাব্য সমঝোতা হলে যুক্তরাষ্ট্র ও ইরান যৌথভাবে হরমুজ প্রণালী পরিচালনা করতে পারে বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। প্রণালীটির নিয়ন্ত্রণ কার হাতে থাকবে—এ প্রশ্নে তিনি বলেন, বিষয়টি যৌথ তত্ত্বাবধানে যাওয়ার সুযোগ আছে।

সাংবাদিকদের অনুসন্ধানী প্রশ্নের জবাবে ট্রাম্প হালকা রসিকতার ভঙ্গিতে বলেন, হয়তো তিনি নিজেই, অথবা তিনি ও কোনো আয়াতুল্লাহ মিলে দায়িত্ব নিতে পারেন—এমনকি ভবিষ্যতের আয়াতুল্লাহও হতে পারেন।

ট্রাম্প আরও জানান, মুজতবা খামেনিকে তিনি ইরানের নেতৃত্বে দেখেন না। তার দাবি, আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যুর পর মুজতবা খামেনিকে সর্বোচ্চ নেতা হিসেবে নির্বাচিত করা হয়েছে।

তার ভাষ্য অনুযায়ী, এতে স্বাভাবিকভাবেই শাসনব্যবস্থায় পরিবর্তন আসে। একই সঙ্গে তিনি বলেন, এমন কিছু প্রভাবশালী ও বাস্তববাদী ব্যক্তিদের সঙ্গে যোগাযোগ চলছে, যাদের অবস্থান শক্ত ও গ্রহণযোগ্য। ভেতরের মহলে তারা পরিচিত, এবং তাদের মধ্য থেকেই প্রত্যাশিত নেতৃত্ব উঠে আসতে পারে।